# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
## প্রধান কার্যালয়
বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রুপনগর, মিরপুর-০২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd


স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১০.১৮.০০৩৫.০৪-**১১০৩** তারিখঃ ১২/০৪/২০২১খ্রিঃ।

**বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ :**

**সূত্র:** মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ তারিখ: ১২ এপ্রিল, ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক কার্যালয় এবং উপজেলা পর্যায়ের সকল কার্যালয় আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬.০০ হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত পর্যন্ত বন্ধ থাকবে।

০২. দপ্তর/কার্যালয় বন্ধকালীন সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন;

০৩. আর্থিক শৃঙ্খলা ও ঋণ শৃঙ্খলা সুরক্ষার স্বার্থে আদায়কৃত সমুদয় টাকা সার্বিক কার্যাবলি/বিধি নিষেধ আরোপের পূর্বেই সংশ্লিষ্ট কার্যালয়ের ব্যাংক হিসাবে জমা নিশ্চিত করতে হবে।

০৪. অতি জরুরি প্রয়োজনে প্রযুক্তি ও মোবাইল ফোন ব্যবহারের মাধ্যমে প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও উপজেলা কার্যালয়ের সহকর্মীবৃন্দ পারস্পারিক যোগাযোগ/সমন্বয় রক্ষা করবেন;

০৫. কার্যালয় বন্ধকালীন সময়ে সকল কর্মকর্তা/কর্মচারী সুফলভোগীদের সাথে নিরবচ্ছিন্ন যোগাযোগ রাখবেন, যাতে কার্যালয় খোলার সংগে সংগে পিডিবিএফ এর সেবা কার্যক্রম দ্রুত পরিচালনা/শুরু করা যায় ;

০৬. জেলা/উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ স্থানীয় প্রশাসনের সংগে সমন্বয় করে সূত্রে বর্ণিত নির্দেশনা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন;

০৭. সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে;

০৮. কার্যালয়ের নিরাপত্তার প্রতি বিশেষ লক্ষ্য রাখতে হবে;

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত স্মারক মূলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত পত্রের ছায়ালিপি এতৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পৃষ্ঠা।

১২/০৪/২০২১

**(মুহিউদ্দিন আহমদ পান্নু)**
ভারপ্রাপ্ত পরিচালক, প্রশাসন

**বিতরণ:**

১. পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. যুগ্ম পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপপরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), সকল অঞ্চল।
৫. দলনেতা, অডিট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), সকল অডিট অঞ্চল।
৬. উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (সকল), পিডিবিএফ, সকল অঞ্চল।
৭. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক্সিকিউটিভ সেক্রেটারী, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১০.১৮.০০৩৫.০৪-**১১০৩** তারিখঃ ১২/০৪/২০২১খ্রিঃ।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি:**

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।**
২. সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৩. যুগ্ম পরিচালক, তথ্য প্রযুক্তি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৪. অফিস কপি।

১২/০৪/২০২১

**(মোঃ শাহেদুর রহমান খান)**
যুগ্ম পরিচালক
মানব সম্পদ ব্যবস্থাপনা
পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭ / ১২ এপ্রিল ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১, তারিখ: ০৪.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৬, তারিখ: ০৮.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৮, তারিখ: ১১.০৪.২০২১

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে **আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত** পর্যন্ত নিম্নরূপ বিধি-নিষেধ আরোপ করা হলো:

(ক) সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে ও সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন। তবে, বিমান, সমূদ্র, নৌ ও স্থলবন্দর এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

(গ) সকল প্রকার পরিবহন (সড়ক, নৌ, রেল, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা ও জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না;

(ঘ) শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে। তবে, শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া নিশ্চিত করতে হবে;

(ঙ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(চ) অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। তবে টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

(ছ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় দুপুর ১২:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা এবং রাত ১২:০০টা থেকে ভোর ০৬:০০টা পর্যন্ত কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে;

(জ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(ঝ) বোরো ধান কাটার জরুরি প্রয়োজনে কৃষি শ্রমিক পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন সমন্বয় করবে;

(ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে;

(ট) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক তাঁর পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন;

(ঠ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে জুম্মা ও তারাবী নামাজের জমায়েত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে; এবং

(ড) উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে সম্পূরক নির্দেশনা জারি করতে পারবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.০৪.২০২১


(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd


সিনিয়র সচিব/সচিব (সকল)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)
৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)